গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

## স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে অনুদান বিতরণ নীতিমালা ;

১। **নাম**

এ নীতিমালা "স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে অনুদান বিতরণ নীতিমালা" ২০১১ নামে অভিহিত হবে।

২। **স্বেচ্ছাসেবী মহিলা সমিতি ঃ** স্বেচ্ছাসেবী মহিলা সমিতি বলতে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধিত দেশের নারী সমাজের কল্যাণে নিয়োজিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি, সংগঠন বা সংস্থাকে বুঝাবে।

৩। **অনুদানের উৎস ঃ** সরকারী মঞ্জুরী।

৪। **অনুদানের উদ্দেশ্য ঃ**

৪.১ মহিলাদের সংগঠিত করে সমিতি গঠনের মাধ্যমে দলগতভাবে কাজ করতে উৎসাহিত করা ;

৪.২ নিবন্ধনকৃত মহিলা স্বেচ্ছাসেবী সমিতিসমূহকে অনুদান প্রদান করে দরিদ্র স্বামী পরিত্যক্তা, বিধবা, অবিবাহিতা ও প্রতিবন্ধী মহিলাদের উন্নয়নের মাধ্যমে পরিবার ও সমাজের উন্নয়ন সাধন করা ;

৪.৩ অনুদানের অর্থ দ্বারা সমিতির সদস্যদের বিভিন্ন আয়বর্ধণমূলক সক্ষমতা বৃদ্ধি ;

৪.৪ মহিলাদের সচেতনতা বৃদ্ধি ও আত্মনির্ভরশীল করার মাধ্যমে সুখী ও সমৃদ্ধ সমাজ গঠন ;

৪.৫ আর্থিক সহায়তা প্রদান করে দরিদ্র অথচ কর্মক্ষম মহিলাদেরকে উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করা।

৫। **অনুদানের শ্রেণীবিভাগ ঃ**

৫.১ **সাধারণ অনুদান**

সমিতি কর্তৃক বাস্তবায়িত/সম্পাদিত কার্যক্রমের উপর ভিত্তি করে সাধারণ অনুদানের জন্য সমিতি নির্বাচন করা হবে।

৫.২ **বিশেষ অনুদান**

ঘূর্ণায়মান তহবিল হিসাবে ঋণ কার্যক্রম পরিচালনার সক্ষমতা/দক্ষতাসম্পন্ন, নিজস্ব কার্যালয়/ জায়গা/ঘর এ পরিচালিত সমিতিসমূহের মধ্যে মহিলাদের আয়বর্ধক কার্যক্রম পরিচালনায় বিশেষ অনুদান বিতরণ করা হবে। এ অনুদান কেবল ঘূর্ণায়মান ঋণ তহবিল হিসাবে ব্যবহার করতে পারবে ;

৫.৩ **স্বেচ্ছাধীন অনুদান**

সমিতির প্রয়োজনীয় আর্থিক স্বচ্ছলতা না থাকায় কার্যক্রম ব্যাহত হওয়ার আশংকা দেখা দিলে অথবা মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের বিবেচনায় যুক্তিসংগত প্রতীয়মান হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সমিতি স্বেচ্ছাধীন অনুদান প্রাপ্তির জন্য বিবেচিত হবে।

## ৬। অনুদান প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী ঃ

**৬.১ সাধারণ অনুদান ঃ**

৬.১.১ সমিতির হিসাবে নিবন্ধনের মেয়াদকাল ২ বছর পূর্ণ হতে হবে ;

৬.১.২ অনুদানের জন্য সকল সমিতিকে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট 'ক') ৩ (তিন) প্রস্থ আবেদন নির্ধারিত তারিখের মধ্যে জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে।

৬.১.৩ অদক্ষতা, দুর্নীতি ও অব্যবস্থাপনায় এবং মহিলা বিষয়ক অধিদপ্তর প্রদত্ত ক্ষুদ্র ঋণ কর্মসূচীর আওতায় ঋণ খেলাপী হিসেবে অভিযুক্ত সমিতি অনুদান প্রাপ্তির জন্য যোগ্য হবে না।

৬.১.৪ বিদেশী প্রতিষ্ঠান/দাতা সংস্থার নিকট হতে অনুদান প্রাপ্ত সমিতি অনুদান প্রদানের জন্য বিবেচিত হবে না।

৬.১.৫ মহিলাদের কল্যাণ ও উন্নয়নমূলক কর্মসূচীর ব্যয়িত অর্থের কমপক্ষে ১০% ভাগ সমিতি/ প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে মিটাতে পারবে সে ধরনের সমিতিকে অগ্রাধিকার দেওয়া হবে।

৬.১.৬ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**৬.২ বিশেষ অনুদান ঃ**

৬.২.১ সাধারণ অনুদান প্রাপ্তির সকল যোগ্যতা ও শর্তাবলী প্রযোজ্য।

৬.২.২ সমিতির কার্যক্রমের মানের ভিত্তিতে ১ (এক) বৎসরের ব্যবধানে বিশেষ অনুদান প্রদান করা যেতে পারে।

৬.২.৩ মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন প্রকল্পের আওতায় ঋণপ্রাপ্ত সমিতিকে সে চলমান বছরে বিশেষ অনুদানের জন্য সুপারিশ করা যাবে না।

৬.২.৪ বিশেষ অনুদান প্রাপ্তির জন্য সমিতির কার্যালয় নিজস্ব জায়গায়/ঘরে পরিচালিত হতে হবে।

**৬.৩ স্বেচ্ছাধীন অনুদান ঃ**

৬.৩.১ সমিতি হিসেবে নিবন্ধনের মেয়াদকাল কমপক্ষে ১ (এক) বৎসর পূর্ণ হতে হবে।

৬.৩.২ ৬.১ উপ-অনুচ্ছেদের ৬.১.২ থেকে ৬.১.৬ পর্যন্ত অন্যান্য শর্তাবলী প্রযোজ্য।

৬.৩.৩ প্রতিষ্ঠান/সংস্থার আবেদনের ভিত্তিতে যোগ্যতা যাচাইপূর্বক মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্বেচ্ছাধীন অনুদান প্রদান করা হবে।

## ৭। অনুদানের জন্য সমিতি নির্বাচন

৭.১ স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণের লক্ষ্যে আবেদনপত্র সংগ্রহের জন্য প্রতি বছর জুলাই/আগস্ট মাসে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে কমপক্ষে ২টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা, বাংলাদেশ বেতার ও টেলিভিশনে এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের Website-এ বিজ্ঞপ্তি প্রচার করতে হবে।

৭.২ আবেদনপত্রের ফরম অধিদপ্তরের Website-এ ডাউন লোড করা যাবে। এছাড়াও জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।



৭.৩ প্রতিষ্ঠান সংস্থার পূরণকৃত আবেদনপত্র ৩ (তিন) ফর্দ ৩০ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট জেলা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা দিতে হবে। সকল আবেদনপত্রে মাননীয় মন্ত্রী/সংসদ সদস্য/বামকপ সদস্য/জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান/উপজেলা চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার এর সুপারিশ থাকতে হবে।

৭.৪ উপজেলায় প্রাপ্ত সাধারণ ও বিশেষ অনুদানের আবেদনপত্রসমূহ জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক প্রাথমিক যাচাই-বাছাইয়ের পর উপজেলা কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করা হবে। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রয়োজনে সমিতিসমূহের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবেন। উপজেলা কমিটি ৩১শে অক্টোবরের মধ্যে জেলা কমিটির নিকট সুপারিশ প্রেরণ করবে।

৭.৫ উপজেলা হতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক যাচাই অন্তে জেলা কমিটির নিকট অনুমোদনের জন্য পেশ করতে হবে। জেলা কমিটি আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করবে এবং সাধারণ অনুদানের আবেদনপত্রসমূহ ক, খ ও গ শ্রেণীতে শ্রেণীবিন্যাস করতঃ বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর সদস্য সচিব মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবরে ৩০ নভেম্বরের মধ্যে (পরিশিষ্ট-খ) প্রেরণ করবেন।

**শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করা হবে ঃ**

**'ক' শ্রেণী ঃ** নারীর ক্ষমতায়ন প্রশিক্ষণ, আয়বর্ধক কর্মসূচী, নারী শিক্ষা, নারী স্বাস্থ্য, আইনগত সহায়তা ও পরামর্শ (কাউন্সেলিং, লিগ্যাল এইড, সালিশী) কর্মসূচীর মধ্যে ৩টির অধিক কর্মসূচী চালু রয়েছে এমন সমিতি।

**'খ' শ্রেণী ঃ** নারীর ক্ষমতায়ন প্রশিক্ষণ, আয়বর্ধক কর্মসূচী, নারী শিক্ষা, নারী স্বাস্থ্য, আইনগত সহায়তা ও পরামর্শ (কাউন্সেলিং, লিগ্যাল এইড, সালিশী) কর্মসূচীর মধ্যে ন্যূনতম ৩টি কর্মসূচী চালু রয়েছে এমন সমিতি।

**'গ' শ্রেণী ঃ** নারীর ক্ষমতায়ন প্রশিক্ষণ, আয়বর্ধক কর্মসূচী, নারী শিক্ষা, নারী স্বাস্থ্য, আইনগত সহায়তা ও পরামর্শ (কাউন্সেলিং, লিগ্যাল এইড, সালিশী) কর্মসূচীর মধ্যে ন্যূনতম ১টি কর্মসূচী চালু রয়েছে এমন সমিতি।

৭.৬ প্রতি জেলা থেকে বিশেষ অনুদানের জন্য কমপক্ষে ৫টি সমিতির আবেদন পরিশিষ্ট 'গ' ছকে প্রেরণ করতে হবে।

৭.৭ আবেদনপত্র যাচাই বাছাই এর জন্য বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) প্রয়োজনে উপকমিটি গঠন করবেন।

৭.৮ বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর সদস্য সচিব, মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর জেলা কমিটির নিকট হতে প্রাপ্ত সুপারিশকৃত আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রতিবেদনসহ বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর উপ-কমিটির নিকট উপস্থাপন করবেন। উপ-কমিটি ৩০ ডিসেম্বরের মধ্যে অনুদান প্রাপ্তির যোগ্য সমিতির খসড়া তালিকা প্রস্তুত করে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর নিকট প্রেরণ করবেন।

৭.৯ বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) উপ-কমিটি কর্তৃক প্রণীত খসড়া তালিকা পর্যালোচনা করে অনুদানপ্রাপ্ত সমিতিসমূহের তালিকা ৩০শে জানুয়ারির মধ্যে চূড়ান্ত করবেন।

৭.১০ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় আবেদন প্রক্রিয়াকরণের সময়সীমা প্রয়োজনে বৃদ্ধি করতে পারবে।

## ৮। অনুদান বিতরণ পদ্ধতি ঃ

৮.১ জেলা কর্মকর্তাকে বরাদ্দপত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট চেকসহ তালিকার সংশ্লিষ্ট অংশ প্রেরণ করতে হবে।

৮.২ জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে যথার্যথ আনুষ্ঠানিকতার মাধ্যমে ৩০শে এপ্রিল তারিখের মধ্যে প্রতিষ্ঠান/সংস্থার সভানেত্রীকে চেক প্রদান করতে হবে।

৮.৩ বিশেষ অনুদানপ্রাপ্ত সমিতিকে ১৫০ টাকার ষ্ট্যাম্পের উপর নির্ধারিত অঙ্গীকারনামা (পরিশিষ্ট-চ) দাখিলের পর চেক প্রদান করতে হবে।

৮.৪ সাধারণ ও স্বেচ্ছাধীন অনুদানপ্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে ৫ (পাঁচ) টাকা মূল্যের রাজস্ব ষ্ট্যাম্পের উপর চেকের প্রাপ্তি স্বীকারপত্র গ্রহণ করতে হবে। প্রতিটি চেকের প্রাপ্তি স্বীকারপত্র ও চেক বিতরণের প্রতিবেদন জেলা হতে অধিদপ্তরের রেজিষ্ট্রেশন শাখায় ৩১শে মে'র মধ্যে অবশ্যই প্রেরণ করতে হবে।

৮.৫ অব্যয়িত অর্থ বৎসর শেষে ট্রেজারী চালানে সরকারী কোষাগারে জমা করতে হবে।

## ৯। অনুদানের অর্থ ব্যবহার ঃ

৯.১ সাধারণ ও স্বেচ্ছাধীন অনুদান ঃ

৯.১.১ প্রাপ্ত অনুদানের কমপক্ষে ৭৫% আয়বর্ধক খাতে এবং অনুর্ধ্ব ২৫% প্রশাসনিক খাতে ব্যয় নির্বাহ করতে পারবে।

৯.২ বিশেষ অনুদান ঃ

৯.২.১ কোন সমিতি যদি পূর্বে গ্রহণকৃত ঋণ সফলভাবে ব্যবহার করে থাকে সেক্ষেত্রে ঐ সমিতিকে অগ্রাধিকারভিত্তিতে বিশেষ অনুদান প্রদান করা যেতে পারে।

৯.২.২ বিশেষ অনুদানপ্রাপ্ত সমিতি কর্তৃক প্রত্যেক মহিলার ক্ষেত্রে ঋণের পরিমাণ সর্বোচ্চ ১০,০০০ (দশ হাজার) টাকা দলগত ক্ষেত্রে সর্বোচ্চ ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকা প্রদান করা যাবে।

৯.২.৩ ঋণের অর্থে যাতে অধিক সংখ্যক দরিদ্র মহিলা উপকৃত হন, সে লক্ষ্যে ঋণ পরিশোধের সময়সীমা ১ (এক) বৎসর নির্ধারণ করতে হবে। তবে কর্মসূচীর সফলতার ভিত্তিতে সময়সীমা জেলা কমিটি কর্তৃক আরো ১ (এক) বছর বর্ধিত করা যাবে।

৯.২.৪ অনুদান প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমিতি কর্তৃপক্ষ মাইক্রোক্রেডিট রেগুলেটারী অথরিটির বিধি অনুযায়ী বাৎসরিক সর্বোচ্চ ১০% সরলহারে সার্ভিস চার্জ আদায় করতে পারবে।



## ১০। মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণের লক্ষ্যে কমিটিসমূহ ঃ

### ১০.১ উপজেলা কমিটি

| ক্রঃ নং | উপজেলা কমিটি | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান (যদি থাকে) | সদস্য |
| ৩. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>(সদর উপজেলাতে জেলা মহিলা বিষয়ক কার্যালয়ের প্রোগ্রাম অফিসার) | সদস্য-সচিব |

**উপজেলা কমিটির কার্য পরিধি ঃ**

উপজেলা পর্যায়ে সমিতির প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক সুপারিশসহ ৩১ অক্টোবরের মধ্যে জেলা কমিটি বরাবর সুপারিশ প্রেরণ।

### ১০.২ জেলা কমিটি

| ক্রঃ নং | জেলা কমিটি | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | চেয়ারম্যান, স্থানীয় জাতীয় মহিলা সংস্থা | সদস্য |
| ৩. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৫. | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৬. | উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল) | সদস্য |
| ৮. | জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ৯. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

**জেলা কমিটির কার্য পরিধি**

জেলা/উপজেলা সকল পর্যায়ের প্রতিষ্ঠান/সংস্থার আবেদনপত্রসমূহ অনুদান বিতরণের শর্তাবলী মোতাবেক যাচাই বাছাইপূর্বক সুপারিশসহ প্রতি বৎসর ৩০ নভেম্বরের মধ্যে মহাপরিচালক, মহিলা অধিদপ্তর ও সদস্য-সচিব বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ বরাবর প্রেরণ।

**১১। তদারকি ও মূল্যায়ন ঃ**

১১.১ বিশেষ অনুদানপ্রাপ্ত প্রতিটি সমিতি পরিশিষ্ট-'ঘ' ছকে ত্রৈমাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করবে এবং জেলা/উপজেলা কার্যালয় পরিশিষ্ট 'ঙ' ছকে উক্ত প্রতিবেদন সংরক্ষণ করবে এবং তার রিপোর্ট সদস্য-সচিব বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) বরাবর প্রেরণ করবে।

১১.২ বিশেষ অনুদানের অর্থ একটি পৃথক ব্যাংক হিসাবে সমিতির সভানেত্রী/কোষাধ্যক্ষ এবং সম্পাদিকার যৌথ স্বাক্ষরে পরিচালনা করতে হবে। তবে কোষাধ্যক্ষ অবশ্যই থাকতে হবে।

১১.৩ বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদের সদস্যবৃন্দ যে কোন সময় অনুদানপ্রাপ্ত সমিতির কার্যক্রম পরিদর্শন করতে পারবে।

১১.৪ সাধারণ ও স্বেচ্ছাধীন অনুদানের অর্থ খরচের বিবরণী ৩১শে জুলাই এর মধ্যে জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে।

১১.৫ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পরিশিষ্ট 'গ' মোতাবেক বিশেষ অনুদানপ্রাপ্ত সমিতির হিসাবের সংরক্ষণ করবেন। তিনি বিশেষ অনুদানের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন জেলা কমিটি বরাবরে প্রেরণ করবেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অনুপস্থিতিতে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এ দায়িত্ব পালন করবেন।



**পরিশিষ্ট-'ক'**

অর্থ বছর.............................

**বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হইতে বার্ষিক এককালীন সাধারণ/বিশেষ অনুদান প্রাপ্তির আবেদন ফর্ম।**

১। সংস্থার নাম ঃ..................................................................................
(সনদপত্র অনুযায়ী স্পষ্টভাবে লিখতে হবে)।

২। পূর্ণ ঠিকানা ঃ..................................................................................

গ্রাম/রাস্তা নং............................ ইউনিয়ন/ওয়ার্ড ....................................

ডাকঘর......................... উপজেলা ...................... জেলা ...........................

দূরালাপনী নম্বর (যদি থাকে)...........................................................

৩। সমিতি চালু করার তারিখ ঃ..........................................................

৪। সনদপত্র নং.............................. নিবন্ধনের তারিখ..................................

নবায়নের তারিখ .................................................................................

৫। সমিতির কার্যক্রমের এলাকাসমূহ ..................................................

৬। চলতি কর্মসূচীর বিবরণ ..................................................................

..........................................................................................................

৭। চাহিদার পরিমাণ ঃ..........................................................................

৮। বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে প্রাপ্ত অনুদানের বিবরণ ঃ

| | সাধারণ | বিশেষ | স্বেচ্ছাধীন | অর্থবছর |
|---|---|---|---|---|
| (ক) | | | | |
| (খ) | | | | |
| (গ) | | | | |
| (ঘ) | | | | |

৯। অন্য কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান/দাতা সংস্থা থেকে প্রাপ্ত সাহায্যের বিবরণ (বৎসরওয়ারী)

প্রাপ্ত সাহায্য		অর্থ বছর

১০। ৮ ও ৯নং ক্রমিকে বর্ণিত হতে ৪ বছরের অধিককাল সময় অনুদান পেয়ে থাকলে প্রতিষ্ঠানের শুরু হতে কত বৎসরে মোট কত টাকা অনুদান পেয়েছেন তার পরিমাণ ঃ........................

১১। সংস্থার নির্বাচিত বর্তমান কার্যকরী পরিষদ সদস্যদের নিম্নে বর্ণিত ছক অনুসারে ভিন্ন পাতায় তালিকা সংযুক্ত করতে হবে ঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও ঠিকানা | নির্বাচনের তারিখ | জন্ম তারিখ ও শিক্ষাগত যোগ্যতা | সমাজ কল্যাণমূলক কাজের অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

১২। নিম্নবর্ণিত বিষয়ে সংক্ষিপ্ত বিবরণ সংযোজন করতে হবে ঃ

(ক) সংস্থার উদ্দেশ্য।

(খ) পূর্ববর্তী বৎসরের কার্যক্রম ও বার্ষিক রিপোর্ট দাখিল করতে হবে।

(গ) বর্তমান বৎসরের চালু কর্মসূচী।

(ঘ) আগামী বছরে কাজের পরিকল্পনা।

(ঙ) নিবন্ধনের সনদপত্র ও নবায়ন কার্ডের সত্যায়িত ফটোকপি।

(চ) জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।

(ছ) পূর্বে প্রাপ্ত অনুদানের ব্যবহার সংক্রান্ত সরেজমিনে মূল্যায়ন প্রতিবেদন।

(জ) এ যাবৎ সম্পাদিত কাজের বিবরণ।

(ঝ) অনুদানের অর্থ যে কাজে ব্যবহার করা হবে তার বিবরণ।

১৩। নিম্নের তথ্যাবলী সংযোজন করতে হবে

(ক) সরকার অনুমোদিত কর্মকর্তা বা সংস্থার দ্বারা সমিতির ২ (দুই) বছরের আয় ব্যয়ের হিসাব (অডিট) প্রতিবেদন।

(খ) সাধারণ সদস্য কর্তৃক অনুমোদিত চলতি আর্থিক বৎসরের বাজেট বিবরণী।

(গ) বিশেষ অনুদানের ক্ষেত্রে জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।

(ঘ) বিশেষ অনুদানের ক্ষেত্রে সমিতির নিজস্ব জায়গা/ঘরের মালিকানার সপক্ষে দলিলপত্র।



## ঘোষণাপত্র

আমরা সংস্থার সভানেত্রী/সাধারণ সম্পাদিকা/কোষাধ্যক্ষা এ মর্মে ঘোষণা করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। আমরা আরও ঘোষণা করছি যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত অনুদান সংক্রান্ত অর্পিত যাবতীয় শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকব। এ ছাড়াও অংগীকার করছি যে, কোন মিথ্যা তথ্য পরিবেশন করিনি বা কোন সত্য গোপন করিনি।

| কোষাধ্যক্ষার স্বাক্ষর ও তারিখসহ নামাঙ্কিত সীল | সাধারণ সম্পাদিকার স্বাক্ষর ও তারিখসহ নামাঙ্কিত সীল | সভানেত্রীর স্বাক্ষর ও তারিখসহ নামাঙ্কিত সীল |
|---|---|---|

(১) সমিতির কার্যক্রম সম্পর্কে উপজেলা/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার মতামত ঃ

জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মহিলা বিষয়ক অধিদপ্তর
.......................উপজেলা/উপজেলা
(নাম ও সীল)

ছক-খ

জেলা.......................................

জেলা কমিটি কর্তৃক সাধারণ অনুদানের জন্য সুপারিশকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির তালিকা ঃ—

জেলার নাম..............................উপজেলার নাম..............................অর্থবছর...................

| ক্রঃনং | সমিতির নাম রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ | সমিতির বর্তমান সদস্য সংখ্যা | চলতি অর্থ বৎসরের কর্মসূচী | সমিতির শুরু হতে গত অর্থ বছর পর্যন্ত বামকপ হতে প্রাপ্ত অনুদান | অডিট প্রতিবেদন আছে কিনা | সুপারিশকৃত অনুদানের পরিমাণ/শ্রেণী | জেলা কমিটির সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | (ক) অর্থ বৎসর | | | | |
| | | | | (খ) টাকার পরিমাণ | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | | |

জেলা প্রশাসক

.............................. জেলা

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

.............................. জেলা



পরিশিষ্ট-'গ'

জেলা কমিটি কর্তৃক ঘূর্ণায়মান তহবিল হিসাবে ব্যবহারের নিমিত্ত বিশেষ অনুদানের জন্য সুপারিশকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির তালিকা।

| ক্রঃ নং | প্রতিষ্ঠান/সংস্থার নাম, পূর্ণ ঠিকানা, রেজিষ্ট্রেশন নং ও তারিখ | প্রতিষ্ঠান/সংস্থার কার্যক্রম (ভিজিডি, -ডব্লিউ টিসি ও অন্যান্য | বর্তমান সদস্য সংখ্যা | চলতি বছরে চালু কর্মসূচীর (ট্রেডের) নাম ও প্রশিক্ষণার্থীর সংখ্যা | নিবন্ধনের শুরু থেকে এ পর্যন্ত উপকার-ভোগীর সংখ্যা | পূর্ববর্তী অর্থ বছরের আয় ব্যয়, ব্যাংকের সর্বশেষ স্থিতি (টাকায়) | চলতি অর্থ বছরের আয় ব্যয়ের হিসাব (টাকায়) | শুরু থেকে এ পর্যন্ত প্রাপ্ত অনুদান | | অত্র দপ্তরের কোন প্রকল্পভুক্ত কিনা, থাকলে | এনজিওভুক্ত কিনা/অন্য কোন দাতা সংস্থা কর্তৃক কোন কার্যক্রম চালু আছে কিনা, থাকলে নাম ও বিবরণ | জেলা কমিটির মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | বামকপ | অন্যান্য | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | ১০ | ১১ | ১২ |

জেলা প্রশাসক

..........................জেলা

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

..................................জেলা

পরিশিষ্ট-'ঘ'

## অনুদানপ্রাপ্ত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি কর্তৃক উপজেলা কার্যালয়ে প্রেরিতব্য বিশেষ অনুদান সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন

সংস্থার নাম ঃ

অর্থ বছর ঃ

সময়কাল ঃ

| ক্রঃ নং | বিবরণ | বর্তমান মাস | আজ পর্যন্ত | ক্রঃ নং | বিবরণ | বর্তমান মাস | আজ পর্যন্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | পূর্ব জের ঃ | | | ১ | ঋণ বিতরণের পরিমাণ ঃ | | |
| ২ | প্রাপ্ত অনুদানের পরিমাণ | | | ২ | ঋণ গ্রহিতার সংখ্যা ঃ | | |
| ৩ | ঋণ আদায় আসল ঃ | | | ৩ | বিশেষ অনুদানপ্রাপ্ত সমিতির সংখ্যা | | |
| ৪ | ঋণের ১০% সার্ভিস চার্জ আদায় ঃ | | | ৪ | ব্যাংক চার্জ কর্তন ঃ | | |
| ৫ | ব্যাংক সুদ ঃ | | | ৫ | অন্যান্য ঃ | | |
| ৬ | অন্যান্য ঃ | | | | মোট—— | | |
| | মোট—— | | | | উদ্বৃত্ত | | |
| | | | | | সর্বমোট—— | | |

সভানেত্রীর স্বাক্ষর ও সীল

সম্পাদিকার স্বাক্ষর ও সীল



পরিশিষ্ট-'ঙ'

## বিশেষ অনুদান সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষণ করবে)

| ক্রঃ নং | বিশেষ অনুদান (ঘূর্ণায়মান তহবিল) প্রাপ্ত সমিতির নাম | ঋণের অর্থ কল্যাণমূলক কাজে ব্যবহৃত হচ্ছে কিনা | কর্মসূচীর নাম | নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ-কারীর সংখ্যা | অনিয়মিত ঋণের কিস্তি পরিশোধ-কারীর সংখ্যা | অনাদায়ী ঋণ গ্রহীতার সংখ্যা | | অনাদায়ী টাকার পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | বর্তমান | আজ পর্যন্ত | বর্তমান | আজ পর্যন্ত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | ৮ | | ৯ |

জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার স্বাক্ষর

**পরিশিষ্ট-'চ'**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**(অঙ্গীকারনামা)**

১। স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমিতির নাম.......................................................................

২। ঠিকানা ...............................................................................................

৩। সনদপত্র নম্বর ও তারিখ ..........................................................................

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ এ মর্মে অঙ্গীকার করছি যে, বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) কর্তৃক.......................অর্থ বছরে মঞ্জুরীকৃত..................টাকা (কথায়)...........................

নিম্নেবর্ণিত কর্মসূচীর জন্য আমরা যথাযথভাবে ব্যয় করব

(১)
(২)
(৩)
(৪)

আমরা আরো অঙ্গীকার করছি যে,

(ক) উল্লেখিত নারী উন্নয়ন কর্মসূচীর উপর ব্যয়িত অর্থের কমপক্ষে ২৫% ভাগ অর্থ প্রতিষ্ঠান/সংস্থার নিজস্ব তহবিল হতে মিটাতে বাধ্য থাকব।

(খ) জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/অডিট ফার্ম কর্তৃক সম্পূর্ণ অডিট রিপোর্টের কপি নিয়মিত জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবরে দাখিল করতে বাধ্য থাকব। সংগঠনের সামগ্রিক কাজ সরকারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বামকপ সদস্য দ্বারা পরিদর্শনের ব্যবস্থা রাখব।

(গ) অনুদানের অর্থ যে উদ্দেশ্যে নেয়া হয়েছে তার বাইরে অন্য কোন খাতে ব্যয় করব না। এর ব্যত্যয় ঘটলে বা অন্য কোন খাতে ব্যয় বা আত্মসাৎ হলে আমরা ব্যক্তিগত এবং যৌথভাবে দায়ী থাকব। সমিতি/সংস্থার বার্ষিক কর্মসূচীর প্রতিবেদন ও আয়-ব্যয়ের হিসাবের অনুলিপি জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবরে দাখিল করতে বাধ্য থাকব।

| | |
|---|---|
| সভানেত্রীর স্বাক্ষর.............................. | সম্পাদিকার স্বাক্ষর.......................... |
| নাম ঃ.............................................. | নাম ঃ........................................ |
| তারিখ ঃ........................................... | তারিখ ঃ...................................... |
| নামাঙ্কিত সীল ঃ | নামাঙ্কিত সীল ঃ |

অনুদান বিতরণকারী কর্মকর্তার প্রতিস্বাক্ষর
স্বাক্ষর ঃ........................................
পদবী ঃ..........................................



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং মশিবিম/শা-শিশু/বামকপ সঃ মুঃ কমিটি-৬/২০০৮-২২৯ তারিখ ঃ ৩১-০৫-২০১০

**বিষয় ঃ বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদের উপ-কমিটি পুনর্গঠন।**

উপর্যুক্ত বিষয়ে ৩১-০৫-২০১০ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর সভার সিদ্ধান্ত মতে ২৪-১১-২০০৮ তারিখের মশিবিম/শা-শিশু/বামকপ-৯/২০০৩-৫০৮ নং স্মারকমূলে গঠিত উপ-কমিটি এতদ্বারা বাতিল করতঃ নিম্নোক্তভাবে বামকপ উপ-কমিটি পুনর্গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা | - আহ্বায়ক |
| ২. | ফজিলাতুন্নেছা (ইন্দিরা) | - সদস্য |
| ৩. | হাসিনা দৌলা | - সদস্য |
| ৪. | মোছাঃ জান্নাত আরা তালুকদার হেনরী | - সদস্য |
| ৫. | ইসমাত আরা সাদেক | - সদস্য |
| ৬. | পিনু খান | - সদস্য |
| ৭. | আফরোজা বিনতে মনসুর | - সদস্য |
| ৮. | মহাপরিচালক/প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো | - সদস্য |
| ৯. | মহাপরিচালক/প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর | - সদস্য |
| ১০. | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | - সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি ঃ**

১। সাধারণ ও বিশেষ অনুদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইকরণ।

২। যাচাই-বাছাই অন্তে অনুদান প্রাপ্তির যোগ্য সমিতির তালিকা বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর মূল কমিটিতে সুপারিশসহ প্রেরণ।

৩। উপ-কমিটি বছরে অন্ততঃ ৫টি সভায় মিলিত হবে।

৪। উক্ত কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কো-অপ্ট করতে পারে।

স্বাক্ষরিত
**(বদরুন নাহার)**
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৮৬০।

বিতরণ ঃ

| | |
|---|---|
| ১. | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা। |
| ২. | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা। |
| ৩. | ফজিলাতুন্নেছা (ইন্দিরা), ৯৫, সেন্ট্রাল রোড, ঢাকা। |
| ৪. | হাসিনা দৌলা, মাইক্রো ইলেকট্রনিক্স লিঃ, বিসিক ইলেকট্রনিক কমপ্লেক্স, ১/১, শিল্প প্লট, মেইন রোড-৩, এভিনিউ-৪, সেকশন-৭, মিরপুর, ঢাকা-১২১৬। |
| ৫. | মোছাঃ জান্নাত আরা তালুকদার হেনরী, ১৬ মুজিব সড়ক, সিরাজগঞ্জ, প্রযত্নে ফিরোজ তালুকদার, রজনীগন্ধা এপার্টমেন্ট, ফ্লাট-৩০৪, রূপনগর, মিরপুর, ঢাকা। |
| ৬. | ইসমাত আরা সাদেক, বাড়ী-৩৪, এপার্টমেন্ট ৫এ, সড়ক-১২৩, গুলশান, ঢাকা-১২১২। |
| ৭. | পিনু খান, স্বামী মরহুম শামসুল আলম, ১৮১, এলিফ্যান্ট রোড (হাতিরপুল), নিউমার্কেট, ঢাকা। |
| ৮. | আফরোজা বিনতে মনসুর, ১০০ নং মালিবাগ, ডিআইটি রোড (ভুঁইয়া ক্লিনিক), ঢাকা-১২১৭। |
| ৯. | মহাপরিচালক/প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো, ১ পার্ক এভিনিউ, মৎস্য ভবন, ঢাকা। |
| ১০. | মহাপরিচালক/প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। |
| ১১. | মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। |
| ১২. | সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। |
| ১৩. | ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। |
| ১৪. | ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম-সচিব (প্রশাঃ ও সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং মশিবিম/শা-শিশু/সংমূকঃ গঠন-৬/২০০৮-১৭৬ তারিখ, ২৩-০৬-২০০৯

**প্রজ্ঞাপন**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নলিখিতরূপে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) পুনর্গঠন করা হইল।

(ক) পরিষদের গঠন ঃ

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | সভাপতি |
| ২. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | সহ-সভাপতি |
| ৩. | সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | সদস্য |
| ৪. | ফজিলাতুন্নেছা (ইন্দিরা), ৯৫ সেন্ট্রাল রোড, ঢাকা-১২০৫। | সদস্য |
| ৫. | হাসিনাদৌলা, মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ, বিসিক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স, ১/১, শিল্প প্লট, মেইন রোড-৩, এভিনিউ-৪, সেকশন-৭, মিরপুর, ঢাকা-১২১৬। | সদস্য |
| ৬. | মোছাঃ জান্নাত আরা তালুকদার হেনরী, ১৬, মুজিব সড়ক, সিরাজগঞ্জ। প্রযত্নে- ফিরোজ তালুকদার, রজনীগন্ধা এ্যাপার্টমেন্ট, ফ্লাট-৩০৪, রূপনগর, মিরপুর, ঢাকা। | সদস্য |
| ৭. | ইসমাত আরা সাদেক, বাড়ী ৩৪, এ্যাপার্টমেন্ট-৫এ, সড়ক-১২৩, গুলশান, ঢাকা-১২১২। | সদস্য |
| ৮. | পিনু খান, স্বামী মরহুম শামসুল আলম, ১৮১, এলিফ্যান্ট রোড (হাতিরপুল), নিউমার্কেট, ঢাকা। | সদস্য |
| ৯. | আফরোজা বিনতে মনসুর, ১০০ নং মালিবাগ, ডিআইটি রোড (ভুঁইয়া ক্লিনিক), ঢাকা-১২১৭। | সদস্য |
| ১০. | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা। | সদস্য |
| ১১. | যুগ্ম-সচিব (প্রশাঃ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য |
| ১২. | যুগ্ম-সচিব (বাজেট), অর্থ মন্ত্রণালয়। | সদস্য |

১৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ১, পার্ক এ্যাভিনিউ, মৎস্য ভবন, ঢাকা। সদস্য

১৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫। সদস্য

১৫. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। সদস্য

১৬. নির্বাহী পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ঢাকা। সদস্য

১৭. পরিচালক, সমাজকল্যাণ ও গবেষণা ইনিস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। সদস্য

১৮. নির্বাহী পরিচালক, এনজিও ফাউন্ডেশন, ঢাকা। সদস্য

১৯. উপ-সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। সদস্য

২০. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা। সদস্য

২১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। সদস্য-সচিব

(খ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ;

(২) অনুদান খাতে প্রাপ্ত তহবিলের খরচ অনুমোদন ;

(৩) পরিষদ বৎসরে অন্ততঃ ২ (দুই) বার সভায় মিলিত হইবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

৩। এ আদেশবলে গত ১৫-২-১৯৯৪ তারিখের আদেশ নং মবিঅ/শা-৪/১৪৩/৯০-৩৫ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত
**(বদরুন নাহার)**
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৮৬০।



উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(তাঁকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হইল)।

নং মশিবিম/শা-শিশু/সংযুক্তঃ গঠন-৬/২০০৮-১৭৬/২২(১) তারিখ, ২৩-০৬-২০০৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. ফজিলাতুন্নেছা (ইন্দিরা), ৯৫ সেন্ট্রাল রোড, ঢাকা-১২০৫।
৫. হাসিনাদৌলা, মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ, বিসিক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স, ১/১, শিল্প প্লট, মেইন রোড-৩, এভিনিউ-৪, সেকশন-৭, মিরপুর, ঢাকা-১২১৬।
৬. মোছাঃ জান্নাত আরা তালুকদার হেনরী, ১৬, মুজিব সড়ক, সিরাজগঞ্জ। প্রযত্নে ফিরোজ তালুকদার, রজনীগন্ধা এ্যাপার্টমেন্ট, ফ্লাট-৩০৪, রূপনগর, মিরপুর, ঢাকা।
৭. ইসমাত আরা সাদেক, বাড়ী ৩৪, এ্যাপার্টমেন্ট-৫এ, সড়ক-১২৩, গুলশান, ঢাকা-১২১২।
৮. পিনু খান, স্বামী মরহুম শামসুল আলম, ১৮১, এলিফ্যান্ট রোড (হাতিরপুল), নিউমার্কেট, ঢাকা।
৯. আফরোজা বিনতে মনসুর, ১০০ নং মালিবাগ, ডিআইটি রোড (ভুঁইয়া ক্লিনিক), ঢাকা-১২১৭।
১০. চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১১. যুগ্ম-সচিব (প্রশাঃ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. যুগ্ম-সচিব (বাজেট), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১৪. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ১, পার্ক এ্যাভিনিউ, মৎস্য ভবন, ঢাকা।
১৫. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১৬. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১৭. নির্বাহী পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ঢাকা।
১৮. পরিচালক, সমাজকল্যাণ ও গবেষণা ইনিস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৯. নির্বাহী পরিচালক, এনজিও ফাউন্ডেশন, ঢাকা।
২০. উপ-সচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২১. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
২২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাক্ষরিত
**(বদরুন নাহার)**
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৮৬০।

বাঃসঃমুঃ-২০১০/১১-৪৮৫৫কম(বি)—১,৫০০ বই, ২০১১।